গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৮.২০.০০১.১৮ (অংশ-৩)-২০৮ তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩২ / ১২ আগস্ট ২০২৫

# বিজ্ঞপ্তি

**বিষয় : শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসুচির অধীনে ২০২৫-২০২৬ অর্থবছরে গবেষণা প্রস্তাব আহবান।**

উচ্চতর গবেষণায় পৃষ্ঠপোষকতার মাধ্যমে উন্নত জ্ঞান ও প্রযুক্তির আহরণ এবং তা ফলপ্রসূভাবে কাজে লাগাতে টেকসই উন্নয়ন বান্ধব পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন উপযোগী জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে নিম্নবর্ণিত ১১ (এগার)টি গবেষণা অধিক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর আওতাধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর ওয়েবসাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে গবেষণা প্রস্তাব আহবান করা যাচ্ছে:

১. শিক্ষা (Education);
২. কৃষি (Agriculture);
৩. জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Science);
৪. ভৌত বিজ্ঞান (Physical Science);
৫. সামাজিক বিজ্ঞান (Social Science);
৬. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT);
৭. মৎস্য (Fish);
৮. ব্যবসায় শিক্ষা (Business Studies);
৯. বাংলাদেশ উন্নয়ন অধ্যয়ন (Bangladesh Development Studies);
১০. প্রকৌশল ও প্রযুক্তি (Engineering and Technology); এবং
১১. উন্নয়ন ও জননীতি (Development and Public Policy).

২। বাংলাদেশের সকল সরকারি ও বেসরকারি সাধারণ, বিশেষায়িত, কারিগরি, কৃষি এবং চিকিৎসা বিশ্ববিদ্যালয়সহ জাতীয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে কর্মরত শিক্ষক/গবেষকগণ উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবেন। এছাড়া সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারী, যারা গবেষণার সাথে সম্পৃক্ত আছেন অথবা গবেষণা কর্ম করতে আগ্রহী তারাও আবেদন করতে পারবেন। আবেদন ফরমের নির্ধারিত স্থানে মূখ্য গবেষকের টেলিফোন নম্বর/ মোবাইল নম্বর, ই-মেইল আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৩। **গবেষণা সহায়তা প্রাপ্তির শর্তসমূহ :**

(ক) আবেদনকারীগণকে প্রাথমিক পর্যায়ে Project Concept Note (PCN) দাখিল করতে হবে:
(খ) মৌলিক ও ফলিত গবেষণাকে অগ্রাধিকার দেয়া হবে:
(গ) মান সম্পন্ন দেশি, বিদেশি জার্নালে প্রকাশনা এবং গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীগণকে অগ্রাধিকার দেয়া হবে;
(ঘ) আবেদনকারী গবেষক টীম/গবেষক যার আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/ ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনা বা অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবেন;

(চলমান পাতা/-২)

(ঙ) চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা, গবেষণা কর্মকান্ডের বৈদেশিক সংযোগমান এবং ন্যূনতম গবেষণা অবকাঠামো সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;

(চ) গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বুৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;

(ছ) এই কর্মসূচির আওতায় আবেদনকারীর কোনো গবেষণা প্রকল্প চলমান থাকলে তিনি অর্থায়নের জন্য আবেদন করতে পারবেন না।

(জ) অন্য কোনো সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের অর্থায়নে একই বিষয়ে আবেদনকারীর কোনো গবেষণা প্রকল্প চলমান থাকলে আবেদনকৃত গবেষণা প্রকল্প এই কর্মসূচির আওতায় অর্থায়নের জন্য বিবেচিত হবে না।

৪। ২০২৫-২০২৬ অর্থবছরে গবেষণা কর্মে অংশগ্রহণে আগ্রহী গবেষকগণকে আগামী ১৪ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর ওয়েবসাইট (www.banbeis.gov.bd) এর গবেষণা মেন্যুর GARE সাবমেন্যুতে ক্লিক করে অথবা সরাসরি http://202.72.235.211:8084/ লিংক এ প্রবেশ করে Project Concept Note (PCN) ফরম পূরণ করে সাবমিট করতে হবে। নির্ধারিত ফরমের সকল তথ্য আবশ্যিকভাবে পূরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। যে সকল গবেষক ইতোপূর্বে আবেদন করেছেন, তাদেরকেও পুনরায় আবেদন করতে হবে। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৪ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য বিবেচিত হবে। আবেদনকারীকে গবেষণা প্রস্তাবের বিষয়বস্তুর গুরুত্ব, সাফল্য-সম্ভাবনা, গবেষণার আবশ্যকীয় বিষয়াদি ও গবেষণা খাতে ব্যয়ের যৌক্তিকতা পাওয়ার পয়েন্টের মাধ্যমে বাছাই ও মনিটরিং কমিটি/জাতীয় স্টিয়ারিং কমিটির সম্মুখে প্রয়োজনে যথাসময়ে উপস্থাপন করতে হবে।

৫। গবেষণা সহায়তা কর্মসূচির যাবতীয় তথ্য সম্বলিত নীতিমালা ও Project Concept Note (PCN) ফরম ব্যানবেইসের ওয়েবসাইট এর গবেষণা মেন্যুর GARE সাবমেন্যু অথবা http://202.72.235.211:8084/ লিংক হতে সংগ্রহ করা যাবে।

২২.০৮.২০২৫

(মোঃ সুলতান আহ্মেদ)
সহকারী সচিব
ফোন: ৫৫১০০৫০৯